

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফ্যাক্স: ৫৫০১৩৫১৮; ওয়েব সাইট: www.berc.org.bd

নং ২৮.০১.০০০০.০১৭.১১.২৮৫.১৭.

তারিখ: ১৬ অক্টোবর ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল (২০১৫ এর জাতীয় বেতন স্কেল অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ/হিসাব/আইন/বিধি/ট্যারিফ/কনজুমার আফেয়ার্স/প্রটোকল টাকা: ২২,০০০-৫৩,০৬০	০১ (এক)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবসায়-প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং, মার্কেটিং, পরিসংখ্যান অথবা লোকপ্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী: (খ) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।	
০২	সহকারী পরিচালক (বিদ্যুৎ/গ্যাস/পেট্রোলিয়াম) টাকা: ২২,০০০-৫৩,০৬০	০১ (এক)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইনিং, বিদ্যুৎ, যন্ত্র প্রকৌশল, কেমিক্যাল, প্রাকৃতিক গ্যাস অথবা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী: (খ) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।	
০৩	ব্যক্তিগত সহকারী টাকা: ১০,২০০-২৪,৬৮০	০১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী	মুক্তিযোদ্ধা কোটা
০৪	অফিস সহায়ক টাকা: ৮,২৫০-২০,০১০	০২ (দুই) টি	৮ম শ্রেণি পাস	১টি মুক্তিযোদ্ধা কোটা

শর্তাবলী :

- ০১। আত্মহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (১৫/১১/২০১৮ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ কমিশনের ওয়েব সাইট (www.berc.org.bd) হতে সংগৃহীত আবেদন ফরমের নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্রসমূহ ডাকযোগে সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বরাবর আগামী ১৫/১১/২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পাঠাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবেনা।
- ০২। আবেদনের সাথে সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (এক কপি ছবি আঠা দিয়ে দরখাস্তের ডান পাশে লাগিয়ে দিতে হবে)।
(গ) ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
(ঘ) নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
(ঙ) অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
(চ) আবেদনের সঙ্গে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন' এর অনুকূলে ১নং ও ২ ক্রমিক ৫০০/- (পাঁচশত) টাকার এবং ৩ ও ৪ নং ক্রমিক ৩০০/- (তিনশত) টাকার যে কোন তফসিলী ব্যাংকের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা ক্রেডিট পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। এছাড়া ঢাকা শহরের যে কোন তফসিলী ব্যাংক থেকে পেঅর্ডার গ্রহণযোগ্য।
- ০৩। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারিকৃত ১৯ জুন ২০১৭ তারিখের পরিপত্র নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭.৭৭২ এবং ১৭ জানুয়ারি ২০১৮ তারিখের পরিপত্র নং ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/৭৫ অনুযায়ী মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষিত সনদপত্র সমূহের সত্যায়িত কপি; সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জন্ম তারিখের প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ০৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র কন্যার পুত্র কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট, মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়ন আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। আবেদনকারীর বয়স ১৫/১১/২০১৮ তারিখে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
- ০৬। আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৮। সরকারি, আধা-সরকারি দপ্তর/সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ০৯। ক্রেডিটপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ১০। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- ১২। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত তথ্য কমিশনের ওয়েব সাইটে (www.berc.org.bd) পাওয়া যাবে।
- ১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/১০/১৮